

## আগামী

নীলোৎপল গোস্বামী

হয়নি সকাল  
তাই বলে ভয় নেই ভয় নেই  
জাগো জাগো দুর্বল মানুষ ।  
একদিন সূর্য উঠবে । উঠবেই  
আলোর রোশনাই ফুটবেই  
সকলের জন্য অন্ন জুটবেই  
একদিন একদিন প্রতিদিন ॥

পথে পথে জনতার  
ঐ দেখো জোয়ার ।

মরণের পথে পথে  
জীবনটা বাজী রেখে  
আসবেনা তুমি ?  
ধরবেনা হাত আমাদের ?

\* \* \*

হায়নারা রাজপথে  
কুকুরেরা ঘেউসাথে  
একসাথে নেমেছে নেমেছে ।  
তাদেরে রুখতে  
আঘাতে প্রত্যাঘাতে  
দুরন্ত দুর্বীর জাগ্রত হাতিয়ার  
হাতে নিয়ে সাথী আর  
মানুষের ঢল দেখো দুদাড় জমেছে  
জমেছে ।।

ভাঙবে পরাধীনতা  
কাকে বলে স্বাধীনতা  
আজ যত জমা খাতা  
নীরবেই নীরবতা ভাঙছে ।  
দেখেছো শ্রমিক মজুর যত  
কৃষক মুটেও তত  
দিগন্তে সূর্যকে দেখেছে ।

সকলের জন্য জেগেছে  
জেগেছে  
নতুন আলোর বেণু বেজেছে বেজেছে  
পূর্ব আকাশ ঐ রক্তবরণ  
ডাকছে দেখো আজ অমর মরণ

জাগছে জাগছে দেখো জাগছে  
একসাথে হাতে হাত ধরেছে